

আমার কথা ভেবে কেঁদো না মা

তুমি যখন দেখতে এলে

তোমাকে আমি দেখতে পারিনি

ফাইভারের কাঁচের ঘেরাটোপ

জানলা থেকে এই অবসন্ন দেহ দেখে হয়তো বুঝেছিলে

এখনও বেঁচে আছি

মা, আমি বাড়ি নেই ভেবে তুমি কেঁদো না

যখন আমি বাড়ি ছিলাম,

অনেক বন্ধু ছিল আমার

এখন জেলের অন্ধকার দেওয়াল,

ভেতরে মশা- ছারপোকাকার কামড় আর বাইরে ! কড়া পাহারা

এ দুনিয়া থেকে অনেক দূরে, এখন আমি বন্দি

তবু আগের থেকেও অনেক বেশি বন্ধু হয়েছে

ওরা আসে, দেখা করে, খোঁজখবরও নিয়ে যায়

মা, আমার শরীর খারাপ নিয়ে তুমি ভেবো না

ছোটবেলায় তুমি

এক গ্লাস দুধ দিতে পারোনি ঠিকই
দিয়েছিলে আমায় একবুক সাহস
দুধের বদলে কতবার তোমার শব্দগুলো গিলেছি
এখন কষ্ট আর যন্ত্রণারাও আমার থেকে দুর্বল
তোমার শব্দপুষ্টিতে মজবুত আমার প্রত্যেক মাংসপেশী
মস্তিষ্কে ছুটে বেড়ায় ওরা আর সাহস দেয় বেঁচে ফেরার
হাল ছেড়ো না মা

এখন আমি বুঝি
জেল মানেই কবর বা চিতা নয়
এই স্যাঁতস্যাঁতে দেওয়াল আসলে পুনর্জন্মের আঁতুড়ঘর
ঘরে ফিরে তোমার কোলে শোওয়ার বিশ্বাস
যেখানে স্বপ্ন, আশা ও প্রত্যয়গুলো তিলতিল করে বড় হয়েছিল
আমার স্বাধীনতা নিয়ে ভয় পেও না মা

জানি সবাই আড়ালে কী কী বলে
নিন্দা করে, খোঁটা দেয়, কেউ কেউ সহানুভূতিও
ওদের বলে দাও মা
আমার স্বাধীনতা হারিয়ে গেছে

আমার পাশে যারা দাঁড়িয়ে আছে, কেউ স্বাধীন নয়

ওরা কি স্বাধীনতা খুঁজে পাবে ?

পূরণ হবে ওদের স্বপ্ন !

দেখো মা, এই পৃথিবীতে কত যন্ত্রণায় পুড়ছে সবাই

পরিবার, আত্মীয়, বন্ধু, সাহিত্য, ইতিহাস, দেশ

যার প্রত্যেক উপশমে আমার স্বাধীনতা লুকিয়ে আছে

জি এন সাইবাবা

জেলে মায়ের সঙ্গে দেখা করার পর লেখা কবিতা